



পিরোজপুর পৌরসভা কার্যালয়  
পিরোজপুর।

www.pirojpurpourashava.org

স্মারক নং ২০২৩/১১২

পি.পৌ  
পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ২৩/০৭/২০২৩ইং

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ পৌর-১ শাখা এর ২২/০৬/২০২৩ ইং তারিখ ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৩.১৯-৯৮৬ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী পিরোজপুর পৌরসভার কর্মচারীর অবসর ও মৃত্যু জনিত কারণে নিম্ন বর্ণিত শূন্য পদসমূহে লোক নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	সেনিটারী ইন্সপেক্টর	০১	১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	এইচ,এস,সি সহ মেডিকেল টেকনোলজিতে সেনিটারী ইন্সপেক্টরশীপ। তবে ০৩ বৎসরের কোর্স সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে ০১ বৎসর বা সমমানের কোর্স সম্পন্ন প্রার্থীকে নিয়োগ করা যাইতে পারে। এই ক্ষেত্রে বেতন স্কেল এক ধাপ নিম্নে।
০২	সহকারী কর আদায়কারী	০১	৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।
০৩	নিম্নমান সহকারী কাম মুদ্রাস্করিক	০২	৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দের গতি থাকিতে হইবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়সীমা শীথিলযোগ্য। তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।
০৪	কসাইখানা পরিদর্শক কাম সিলম্যান	০১	৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫)	এসএসসি বিজ্ঞান এবং পশু চিকিৎসা বিজ্ঞানে স্ট সার্টিফিকেট পাস হইতে হইবে।
০৫	বৈদ্যুতিক মিস্ত্রি	০১	৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কোর্সে "বি" সেকশন লাইসেন্সধারী হইতে হইবে।
০৬	জীপ চালক	০১	৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	১০ম শ্রেণী পাস। ভাড়ি যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী হইতে হইবে এবং ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৭	পাইপ লাইন মেকানিক	০২	৯,০০০-২১,৮০০/- (গ্রেড-১৭)	৮ম শ্রেণী পাস। পাম্প চালনা ও পানি সরবরাহ কাজে ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৮	অফিস সহায়ক	০২	৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	৮ম শ্রেণী পাস।

শর্তাবলীঃ

- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অনুযায়ী) (ছ) ১৯/০৭/২০২৩ ইং তারিখ প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পাশের সন/বিভাগ/শ্রেণী উল্লেখপূর্বক) (ট) কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) ইত্যাদি উল্লেখ পূর্বক মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর বরাবর আবেদন করতে হবে।
- প্রার্থীকে আবেদনের সাথে নিম্নে বর্ণিত সনদের ফটোকপি/কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবী ও সীলসহ) কর্তৃক সত্যায়িত করে সংযোজন করতে হবে।
  - শিক্ষাগত যোগ্যতার সনদ।
  - সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
- মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর এর অনুকূলে ০১ হইতে ০৬নং ক্রমিকে ৫০০/- (পাঁচ শত) টাকা এবং ০৭ ও ০৮নং ক্রমিকে ৩০০/- টাকার (অফেরৎ যোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

১১২